৫৫

-৩৬৪-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**পৌরসভা আদর্শ কর তফসিল-২০১৪ এ এনজিওসমূহকে পৌরকরের আওতায় আনার প্রেক্ষিতে, উদ্ভূত সমস্যা নিরসনকল্পে এনজিও বিষয়ক ব্যুরো, অর্থবিভাগ, এডাব এবং ম্যাব -এর প্রতিনিধিদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ঃ আশোক মাধব রায় অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ। |
| সভার তারিখ ও সময় | ঃ ১৬/০২/২০১৫ খ্রিঃ, রোজ-সোমবার, বিকাল ০৩.০০ টা। |
| সভার স্থান | ঃ স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হ'ল। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি অনুষ্ঠানসূচি অনুযায়ি বক্তব্য উপস্থাপনের জন্য উপ-সচিব (পৌর-১), জনাব মোঃ খলিলুর রহমানকে অনুরোধ জানান। তিনি সভাকে অবহিত করেন যে, দীর্ঘ ১১ বছর পর ২৩ অক্টোবর ২০১৪ - এ বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন জারির মাধ্যমে 'পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪' প্রকাশ করা হয় এবং তা বাস্তবায়নের জন্য সকল পৌরসভাকে নির্দেশ দেয়া হয়েছে। তিন এডাব ও এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৩.০৯.০০০০.৬৬১.৬৪.০২২.১২-৬৬৩ নং স্মারকে প্রেরিত পত্রটি সভায় উপস্থাপন করেন। তিনি পত্রের উদ্ধৃতি দিয়ে জানান যে, এনজিওসমূহের উপর কর প্রদানের বাধ্যবাধকতা আরোপ করলে উন্নয়ন কার্যক্রমে নিয়োজিত বেসরকারি স্বেচ্ছাসেবি সংস্থাসমূহ এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মধ্যে বৈরিতা তৈরী হবে। এ প্রেক্ষিতে এডাব প্রতিনিধি সভাকে জানান যে, পূর্বেও এনজিওসমূহের উপর কর ধার্য করা হয়েছিল যা পরবর্তীতে এনজিওসমূহের আবেদনের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের ১৯.০৪.২০০৬ তারিখের পৌর-২/বিধি-৪/২০০২/৪১৮ নং স্মারকে প্রেরিত পত্রে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি আদায় হতে বিরত থাকার অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে অলাভজনক ভিত্তিতে পরিচালিত এবং ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী এনজিওসমূহকে পৌরকরের আওতাভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

০২. এ প্রেক্ষিতে, ম্যাব -এর সভাপতি সভাকে জানান যে, পৌরসভা পর্যায়ে এনজিও প্রতিনিধিদের সাথে পৌরসভার সম্পর্ক ভালো। বৈরিতার কোন সুযোগ নেই। মেহেরপুর পৌরসভার বিষয়টি একটি বিচ্ছিন্ন ঘটনা। ম্যাব এর পক্ষ থেকে তা খতিয়ে দেখা হবে মর্মে জানান। ম্যাব এর সাধারণ সম্পাদক জানান যে, এমনিতেই যে সকল প্রতিষ্ঠান অলাভজনক বা দারিদ্র বিমোচনে কাজ করছে তাঁদের নিকট পৌর কর ধার্য করা হয় না। তিনি আরও উল্লেখ করেন যে, ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত হলে ট্রেড লাইসেন্স ফি দিতে হবে।

০৩. সভায় এনজিও বিষয়ক ব্যুরোর পরিচালক জনাব রওনক মাহমুদ জানান যে, তিনি বৈদেশিক সহায়তাপুষ্ট ২৩৫৬টি এনজিও নিয়ে কথা বলছেন। তিনি জানান যে, মাইক্রো ক্রেডিট করের আওতাবহির্ভূত। পূর্বের যেহেতু স্থানীয় সরকার বিভাগের পত্রের মাধ্যমে কর থেকে অব্যহতি প্রদান করা হয়েছিল। তাই পূর্বের ধারাবাহিকতায় এখনও আরও কিছু সময় অব্যহতি দেয়া প্রয়োজন।

০৪. এ প্রেক্ষিতে, অর্থ বিভাগের প্রতিনিধি সিনিয়র সহকারী সচিব বেগম হাবিবুন নাহার সভার দৃষ্টি আকর্ষন করে 'পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪'-এর ৬ নং ক্রমিক উদ্ধৃত করে জানান যে, বর্তমান তফসিলে পৌরসভার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে ব্যবসা পেশা বা বৃত্তি পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের নিকট কর আরোপের কথা বলা হয়েছে। তাই এ ক্ষেত্রে সমস্যা হওয়ার কথা নয়।

০৫. সভায় সভাপতি জানান যে, সরকারি- বেসরকারি সকল সংস্থার মধ্যে সুসমন্বয় রেখে মাঠ পর্যায়ে পৌরসভাসমূহ কাজ করে থাকে। আশা করছি এ ধারা অব্যাহত থাকবে। তিনি আরও জানান যে, কোন সমস্যা হলে স্থানীয় সরকার বিভাগ কিংবা ম্যাব এর গোচরে আনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৬. সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

০৬.১ 'পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪'-এর ৬ নং ক্রমিকের উপক্রমিকে 'এনজিও প্রতিষ্ঠানসমূহের উপর কর ধার্যের' বিষয়ে স্পষ্টীকরণের লক্ষ্যে অলাভজনক/ ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত নয় ক্ষুদ্র ঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট এনজিওদের নিকট হতে ট্রেড লাইসেন্স ফি আদায় থেকে বিরত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি করেন।

স্বাঃ/-
(অশোক মাধব রায়)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ

নং-৪৬.০৬৩.০৩১.০৮.০০.০১০.২০১১- ১৮৩/১(৮)

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ / ০৩ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, মৎস্য ভবন, ঢাকা।
৩. একেএম জসীম উদ্দিন, পরিচালক, এডাব, বাড়ী নং- ১৩ক (৩য় তলা), রোড নং-২, শ্যামলী, ঢাকা- ১২০৭।
৪. মহাসচিব, মিউনিসিপল এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব), আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্ম সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ।
৬. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

৩/৩/২০১৫
(মোঃ খলিলুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

E:\F Drive\Office work\Minutes.doc2